দৈনিক
ইনকিলাব
তারিখ 15 OCT 2008
পৃষ্ঠা ২ কলাম ৪

সার্চ কমিটির সভা

# তিনটি বিশ্ববিদ্যালয়ে ভিসি নিয়োগে ৩টি প্যানেল প্রণয়ন

স্টাফ রিপোর্টার ঃ ময়মনসিংহস্থ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভিসি নিয়োগের লক্ষ্যে, উক্ত ক্ষমতাসম্পন্ন সার্চ কমিটি গতকাল মঙ্গলবার এক সভায় প্রতিটির জন্য তিনজন করে তিনটি প্যানেল প্রণয়ন করেছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে একথা জানা গেছে। উল্লেখ্য, ভিসি নিয়োগের লক্ষ্যে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য ২৭ জন, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য ২০ জন এবং নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য ১৫ জন আবেদনকারীর মধ্য থেকে এ প্যানেল তিনটি বাছাই করা হয়েছে। সার্চ কমিটির কো-চেয়ারম্যান ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদের সভাপতিত্বে সভায় অন্যান্যের মধ্যে শিক্ষা সচিব মো: মোমতাজুল ইসলাম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. এহসানুল হক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ড. কাজী সালেহ আহমদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পও সম্পদ অনুষদের সাবেক ডীন প্রফেসর ড. এস এম বুলবুল, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয়) এ. জেড. এম শফিকুল আলম উপস্থিত ছিলেন।